

প্রাথমিক বিদ্যালয়ে দুর্গাপূজায় ছুটি ৫ দিন

নিজস্ব প্রতিবেদক

২৬ সেপ্টেম্বর ২০১৯ ০০:০০ | আপডেট: ২৬ সেপ্টেম্বর ২০১৯ ০০:০৪



সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দুর্গাপূজার ছুটি তিন দিনের পরিবর্তে পাঁচ দিন ঘোষণা করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। এর আগে ৭-৯ অক্টোবর দুর্গাপূজার ছুটি ঘোষণা করা হয়েছিল। তবে এ নিয়ে প্রশ্ন উঠলে ফের একাডেমিক ক্যালেন্ডার সংশোধন করে ৫ থেকে ৯ অক্টোবর পর্যন্ত এ ছুটি ঘোষণা করা হয়। গতকাল প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (বিদ্যালয়) মো. বদরুল হাসান বাবুল এ তথ্য জানান।

জানা গেছে, এ বছর প্রাথমিকের একাডেমিক ক্যালেন্ডারে দুর্গাপূজার ছুটি ছিল ৭ থেকে ৯ অক্টোবর। আর মাধ্যমিক স্তরের একাডেমিক ক্যালেন্ডারে পূজার ছুটি ৪ থেকে ১৩ অক্টোবর

পর্যন্ত নির্ধারিত আছে। সরকারি-বেসরকারি মাধ্যমিক ও নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে এ বছর ৮৫ দিন আর প্রাথমিকে ছুটি ৭৫ দিন হওয়ায় বিষয়টি আলোচনায় এসেছিল।

advertisement